

বিচারপতি সহিদুল করিম
বিচারক, হাইকোর্ট বিভাগ
ও
কমিশনের সদস্য



বিচারপতি জনাব সহিদুল করিম ১১.০৩.১৯৫৮ খ্রিষ্টাব্দে বরিশাল জেলার আগৈলঝাড়া থানাধীন বড় বাসাইল গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম এ্যাডভোকেট এ, কে, এম, রেজাউল করিম এবং মাতা মরহুমা মোসাঃ সালেহা বেগম।

তিনি ঢাকাস্থ তেজগাঁও পলিটেকনিক হাইস্কুল হতে ১৯৭৪ খ্রিষ্টাব্দে এস.এস.সি এবং পরবর্তীতে ক্যান্টনমেন্ট কলেজ হতে ১৯৭৬ খ্রিষ্টাব্দে এইচ.এস.সি পাশ করেন। অতঃপর ঢাকা বিশ্ববিদ্যালয় হতে এলএল.বি (অনার্স) ও এলএল.এম ডিগ্রি অর্জন করেন।

বিচারপতি সহিদুল করিম ১৯৮৩ খ্রিষ্টাব্দে মুনসেফ (বর্তমানে সহকারী জজ) পদে চাকুরীতে যোগদান করেন এবং ২০০০ খ্রিষ্টাব্দে জেলা ও দায়রা জজ হিসাবে পদোন্নতি লাভ করেন। তিনি পর্যায়ক্রমে নরসিংদি, চাঁদপুর ও ময়মনসিংহ জেলায় জেলা জজ পদসহ ঢাকাস্থ ১ম সেটেলমেন্ট কোর্টের চেয়ারম্যান হিসাবে সুনামের সাথে দায়িত্ব পালন করেন। এতদ্ব্যতীত, চাকুরীকালীন সময়ে বিভিন্ন পর্যায়ে তিনি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে উপসচিব (প্রশাসন), যুগ্মসচিব (প্রশাসন) ও সচিব (দায়িত্বপ্রাপ্ত) হিসাবে দায়িত্ব পালন করেন।

তিনি ২০.১০.২০১১ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগে অতিরিক্ত বিচারপতি হিসাবে শপথ গ্রহণ করেন এবং ১৯.১০.২০১৩ খ্রিষ্টাব্দে একই বিভাগে স্থায়ী বিচারপতি হিসাবে নিয়োগ লাভ করেন।

বিচারপতি সহিদুল করিম ১৯৯৯ খ্রিষ্টাব্দে মানবাধিকার বিষয়ে ফিলিপাইন ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণ করেন এবং আইনগত সহায়তা প্রদান সম্পর্কিত বিষয়সহ আইন ও বিচার সংশ্লিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক কর্মশালায় যোগদানের জন্য ভারত, যুক্তরাজ্য, নেদারল্যান্ডস ও কানাডা সফর করেন।